

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।]

ক বিভাগ -- ব্যাকরণ

মান -- ৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যে-কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) নিচের যে কোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ:

উদ্বেগ, স্মরণীয়, দ্রষ্টব্য, ঐশ্বর্য, ঔপন্যাসিক, আহ্বান, প্রতিজ্ঞা, ব্যতিক্রম।

২। (ক) প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) নিচের যে-কোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখ:

উচ্ছাস, মুমূর্ষ, শিরচ্ছেদ, মনোপুত, বিভিষন, নুন্যতম, হীনমন্যতা।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর।

অথবা,

(খ) নিম্নরেখ যে-কোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর:

(i) অনেকেই ভাতের বদলে রুটি খায়।

(ii) অধিক ভোজন অনুচিত।

(iii) আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর।

(iv) যথা ধর্ম, তথা জয়।

(v) সবাই রাঙামাটি যেতে চাইছে।

(vi) মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।

(vii) কাজটা ভালোভাবে সম্পন্ন হয়েছে।

(viii) হে বন্ধু, বিদায়।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে" ---আলোচনা কর।

অথবা,

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যে-কোনো পাঁচটি):

বনস্পতি, জয় পতাকা, অভূতপূর্ব, যথারীতি, সপ্তর্ষি, কাজল কালো, বাজিকর, অহিনকুল।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর।

অথবা,

(খ) নির্দেশ অনুযায়ী বাক্যসত্তর কর (যে-কোনো পাঁচটি):

(i) সত্য কথা না বলে বিপদে পড়েছি। (যৌগিক)

(ii) এখনই ডাক্তার ডাকা উচিত। (অনুজ্ঞাবাচক)

(iii) ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবাচক)

(iv) বাংলাদেশের চিরস্থায়িত্ব কামনা করি। (ইচ্ছাসূচক)

(v) যে অন্ধ তাকে আলো দাও। (সরল)

(vi) বৃষ্টির অভাবে ফসল নষ্ট হবে। (জটিল)

(vii) শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক)

(viii) শীতের পিঠা খেতে খুব মজা। (বিস্ময়সূচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ:

বিদ্বানজনের সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দ্যত আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এ ক্ষেত্রে যে কোনো শুভ উদ্যোগকে জানাই সুস্বাগত।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ:

- (i) তিনি সম্রাটশালী বংশে জন্মেছেন।
- (ii) রবীন্দ্রনাথের প্রতিভা ভয়ঙ্কর।
- (iii) দুর্বিসহ যন্ত্রণায় ভুগছি।
- (iv) অদ্যবধি তাহার দেখা নাই।
- (v) কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
- (vi) হাতে কলস ভাঙা।
- (vii) অন্যায়ে ফল দুর্নিবার্য।
- (viii) সব পাখিরা নীড় বাঁধে না।

খ বিভাগ -- নির্মিতি মান -- ৭০

৭। (ক) যে-কোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ:

Dialect, Appendix, Brand, Catalogue, Fundamental, Governing body, Handicraft, Concession, Fore cast, Terminology, Violation, Walk-out, Refugee, Union, Millennium.

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর:

Trees are our best friends. It helps us in different ways. It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation programme successful.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদ্যাপন বিষয়ে একটি দিনলিপি রচনা কর।

অথবা,

(খ) 'ডেঙ্গুজ্বর প্রতিরোধ সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার বন্ধুর জন্মদিনে শুভেচ্ছা জানিয়ে তাকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ।

অথবা,

(খ) কলেজে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ:

সময় ও স্রোত কারও অপেক্ষায় বসে থাকে না। চিরকাল চলতে থাকে। সময়ের নিকট অনুনয় কর, একে ভয় দেখাও, ভুরুক্ষেপও করবে না, সময় চলে যাবে আর ফিরবে না। নষ্ট স্বাস্থ্য ও হারানো ধন পুনঃপ্রাপ্ত হওয়া যায়; কিন্তু সময় একবার গত হয়ে গেলে আর ফিরে আসে না। গত সময়ের জন্য অনুশোচনা করা নিষ্ফল। যতই কাঁদ না কেন, গতসময় কখনও ফিরে আসবে না।

অথবা,

(খ) ভাব-সম্প্রসারণ কর:

পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) প্রদত্ত সংকেত অনুসরণে 'আজ সফলতার সিঁড়িতে' শিরোনামে খুদে গল্প রচনা কর:

জীবন বড়ই বিচিত্র। লিমার এমন একদিন ছিল, যখন প্রতিবেলা খাবার খাওয়ার মতো অর্থ তার ঘরে ছিল না। জীবনে কঠোর পরিশ্রম করে আজ একটা ভালো চাকরি করে সে। বাবা-মা বড় দুঃখে মানুষ করেছে.....

অথবা,

(খ) 'মেট্রোরেল যোগাযোগ ব্যবস্থার মাইলফলক' --এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।

১২। যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর:

- (ক) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা
- (খ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ
- (গ) পদ্মাসেতু ও অর্থনৈতিক উন্নয়ন
- (ঘ) স্বদেশপ্রেম
- (ঙ) কর্মমুখী শিক্ষা।